# পুন:নিয়োগ বিজ্ঞপ্তি

**ঢাকা বিশ্ববিদ্যালয় ঃ-** বিধি মোতাবেক প্রদেয় ভাতাদিসহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউট (আইবিএ) এর শূন্য ০১ (এক) টি বাইন্ডার পদের নামের পার্শ্বে উল্লেখিত বেতন স্কেল, গ্রেড, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার ভিত্তিতে লোক নিয়োগের জন্য আগ্রহী বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাইতেছে ঃ-

| পদের নাম, বেতন স্কেল ও গ্রেড | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| বাইন্ডার<br>টাঃ ৯,৩০০-২২,৪৯০/- বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল-২০১৫)<br>গ্রেড-১৬তম | ০১ (এক) টি | প্রার্থীকে এস.এস.সি ও এইচ.এস.সি/সমমানের ন্যূনতম দ্বিতীয় বিভাগ/জিপিএ ৫ স্কেলে ৩.০০ পাসসহ বাঁধাই, ফটোকপি কাজে কমপক্ষে ৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। প্রার্থীর শিক্ষাজীবনের কোনো পর্যায়ে ২য় বিভাগ/ জিপিএ-৩.০০ (৫.০০ স্কেলে) এবং ২য় শ্রেণি/সিজিপিএ-২.৭৫ (৪.০০ স্কেলে)-এর নীচে গ্রহণযোগ্য নয়। অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে যে কোন একটি শর্ত শিথিলযোগ্য। |

আবেদনকারীকে অবশ্যই আবেদনপত্রে তাহার শিক্ষাগত যোগ্যতার সকল সার্টিফিকেট ও ডিগ্রি উল্লেখ করিতে হইবে। এরূপ কোন তথ্য গোপন বা উল্লেখ না করিলে ভবিষ্যতে তাহার পরীক্ষা পাশের সার্টিফিকেট নথিতে সংযুক্ত করা হইবে না এবং বিধি অনুযায়ী প্রশাসনিক ব্যবস্থা নেওয়া হইবে। ইহা ছাড়াও পদোন্নতি নীতিমালায় বর্ণিত পয়েন্ট সুবিধা প্রদান করা হইবে না।

পরিচালক, ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়-এর অনুকূলে প্রদেয় ৩০০/- (তিনশত) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়) এবং সকল পরীক্ষা পাসের সার্টিফিকেট ও প্রশংসাপত্রের সত্যায়িত প্রতিলিপিসহ সাদা কাগজে পূর্ণ জীবনবৃত্তান্ত উল্লেখপূর্বক পরিচালক, ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউট বরাবর লিখিত আবেদনপত্র আগামী ১৪-১০-২০২৬ তারিখের মধ্যে ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়-এর অফিসে (অফিস চলাকালীন সময়ে) পৌঁছাইতে হইবে।

চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন দাখিল করিতে হইবে। চাকরির অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া যাইতে পারে। অসম্পূর্ণ দরখাস্ত বাতিল বলে গণ্য হইবে।

পরিচালক
ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউট
ঢাকা বিশ্ববিদ্যালয়